গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
খুলনা।
Web: www.food.khulna.gov.bd

স্মারক নং-১৩.০১.৪১০০.০০২.৪৯.০১৬.২২-৩১২৩ তারিখ ঃ ২৫/০৭/২০২২ খ্রিঃ

# "দরপত্র বিজ্ঞপ্তি"

জেলা খাদ্য নিয়ন্ত্রক, খুলনার অধীন ০২ টি সিএসডি ও ০৮টি এলএসডিতে ২০২২-২০২৩ অর্থ বছরের অবশিষ্ট সময় ও ২০২৩-২০২৪ অর্থ বছরের জন্য শ্রম ও হস্তার্পণ ঠিকাদার নিয়োগের নিমিত্ত আগ্রহী প্রতিষ্ঠান/ঠিকাদারদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে দরপত্র (দরপত্র দলিলের শর্তাবলী অনুসরণপূর্বক) আহবান করা যাচ্ছে।

| | | | |
|---|---|---|---|
| ১ | মন্ত্রণালয়/বিভাগ | ঃ | খাদ্য মন্ত্রণালয়। |
| ২ | এজেন্সী | ঃ | খাদ্য অধিদপ্তর, ঢাকা। |
| ৩ | সংগ্রাহক সত্ত্বা | ঃ | জেলা খাদ্য নিয়ন্ত্রক, খুলনা। |
| ৪ | যে কাজের জন্য দরপত্র | ঃ | জেলা খাদ্য নিয়ন্ত্রক, খুলনার অধীন ০২ টি সিএসডি ও ০৮টি এলএসডিতে শ্রম ও হস্তার্পণ ঠিকাদারী কাজের জন্য। |
| ৫ | দরপত্রের সূত্র নং | ঃ | ১৩.০১.৪১০০.০০২.৪৯.০১৬.২২-৩১২৩; তারিখ ঃ ২৫/০৭/২০২২খ্রিঃ। |
| ৬ | সংগ্রহ পদ্ধতি | ঃ | উন্মুক্ত দরপত্র পদ্ধতি (জাতীয়)। দুইখাম পদ্ধতিতে দরপত্র দাখিল করতে হবে। |
| ৭ | বাজেট ও তহবিল সূত্র | ঃ | রাজস্ব বাজেট, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার। |
| ৮ | দরপত্র বিক্রয়ের সর্বশেষ তারিখ | ঃ | ২১/০৮/২০২২ খ্রিঃ (অফিস চলাকালীন সময়)। |
| ৯ | দরপত্র গ্রহণের তারিখ ও সময় | ঃ | ২২/০৮/২০২২ খ্রিঃ (সকাল ৯:০০ ঘটিকা হতে দুপুর ১:০০ ঘটিকা পর্যন্ত)। |
| ১০ | দরপত্র গ্রহণের স্থান | ঃ | (১) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, খুলনা বিভাগ, খুলনা<br>(২) জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা (৩) জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, খুলনা। |
| ১১ | দরপত্র খোলার তারিখ, সময় ও স্থান | ঃ | (ক) ২২/০৮/২০২২ খ্রিঃ দুপুর ২:০০ ঘটিকায়, জেলা খাদ্য নিয়ন্ত্রক, খুলনার অফিস কক্ষ<br>(খ) যোগ্যতা বিষয়ক প্রস্তাবের ভিত্তিতে কেবলমাত্র Responsive ঠিকাদারদের আর্থিক প্রস্তাব খোলা হবে। Responsive ঠিকাদারদের তালিকা, আর্থিক প্রস্তাব খোলার তারিখ, সময় ও স্থান সম্পর্কিত তথ্য জেলা খাদ্য নিয়ন্ত্রক, খুলনার কার্যালয়ের নোটিশ বোর্ডে ঝুলিয়ে দেয়া হবে। |
| ১২ | দরপত্রের মেয়াদকাল | ঃ | দরপত্র খোলার তারিখ হতে ১২০ (একশত বিশ) দিন। |
| ১৩ | দরপত্র বিক্রয়কারী দপ্তর | ঃ | আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, খুলনা ও জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, খুলনা এর হিসাব শাখা। |
| ১৪ | দরপত্র দাতার অভিজ্ঞতা | ঃ | শ্রম ও হস্তার্পণ কাজে ২ (দুই) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। প্রমাণক কাগজপত্র সংযুক্ত করতে হবে। |
| ১৫ | দরপত্র দাখিলের নিয়মাবলী | ঃ | একধাপ দুই খাম পদ্ধতিতে দরপত্র দাখিল করতে হবে। যোগ্যতা বিষয়ক প্রস্তাব সন্তোষজনক (যোগ্য/Responsive) হলে আর্থিক প্রস্তাব খোলা হবে। |
| ১৬ | দরপত্র সিডিউলের মূল্য | ঃ | প্রতিটি সিএসডি ও এলএসডির জন্য ১০০০/- (এক হাজার টাকা মাত্র)। |
| ১৭ | টেন্ডার সিকিউরিটি | ঃ | খুলনা ও মহেশ্বরপাশা সিএসডির প্রতিটির জন্য ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা এবং ০৮ টি এলএসডির প্রতিটির জন্য ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা। |
| ১৮ | পারফরমেন্স সিকিউরিটি | ঃ | দরপত্র তফসিলে উল্লেখিত পরিমাণ (পরিশিষ্ট-ক)। |
| ১৯ | দরপত্র সিডউলের বিবরণ | | সংশ্লিষ্ট সিএসডি এবং এলএসডির দরপত্রের সিডিউল অনুযায়ী। |
| ২০ | দরপত্র আহবানকারী কর্মকর্তার নাম, পদবী, কর্মস্থল, ফোন নং ও ওয়েব ঠিকানা | ঃ | মোহাম্মদ বাবুল হোসেন, জেলা খাদ্য নিয়ন্ত্রক, খুলনা।<br>ফোন ঃ ০২৪৭৭৭৮০৮, |
| ২১ | এ দরপত্র পাবলিক প্রকিউরমেন্ট এ্যাক্ট ২০০৬ ও পিপিআর ২০০৮ অনুযায়ী পরিচালিত হবে। কোন কারণ দর্শানো ব্যতিরেকে সংগ্রাহক সত্ত্বা এ নোটিশ বাতিল বা পরিবর্তন বা যে কোন বা সকল দরপত্র গ্রহণ/প্রত্যাখান/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। | | |

আবেদনকারী প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে আবেদনকারীর নাম, পিতার নাম, মাতার নাম, প্রতিষ্ঠানের নাম, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, প্রতিষ্ঠানের মালিকানার বিবরণ, প্রতিষ্ঠানের সাথে আবেদনকারীর সম্পর্ক ইত্যাদি বর্ণনা পূর্বক সিডিউলের সাথে সংযুক্ত যোগ্যতা বিষয়ক ফরম ও আর্থিক প্রস্তাব ফরম পূরণ করে অত্র দরপত্রে চাহিত ডকুমেন্ট সংযুক্ত করে উভয় প্রস্তাব (পৃথক পৃথক খামে এবং উভয় খাম অপর একটি বড় খামে) জেলা খাদ্য নিয়ন্ত্রক, খুলনা বরাবর আবেদন করতে হবে।

## ঠিকাদারের যোগ্যতা বিষয়ক নিয়মাবলী ও শর্তাবলী (General Conditions of Contract) ঃ

১। সদ্য তোলা পাসপোর্ট সাইজের ২ (দুই) কপি ছবি, নিজ নামের/প্রতিষ্ঠানের ট্রেড লাইসেন্স এবং নাগরিকত্ব সনদ/জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি থাকতে হবে।

২। সংশ্লিষ্ট আয়কর বিভাগ হতে হালসন পর্যন্ত আয়কর পরিশোধের প্রত্যয়নপত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

৩। একক মালিকানার বেলায় কোন প্রথম শ্রেণীর ম্যাজিষ্ট্রেট/নোটারী পাবলিক এর নিকট হতে ৩০০/- টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে প্রদত্ত একক মালিকানা সংশ্লিষ্ট হলফনামা (এফিডেভিট) এর মুল কপি/সত্যায়িত ফটো কপি দাখিল করতে হবে।

৪। অংশিদারী মালিকানার ক্ষেত্রে অংশিদারীত্বের স্ব-পক্ষে রেজিষ্ট্রিকৃত দলিলের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

৫। লিমিটেড কোম্পানীর বেলায় মেমোরেন্ডাম অব আর্টিকেলস এবং জয়েন্ট স্টক কোম্পানীর সনদ পত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

৬। ঠিকাদারদের গ্রুপ, যৌথ উদ্যোগ বা সমবায়ের ক্ষেত্রে যথাযথ দলিল/দাখিলা এর সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

৭। চাহিত সকল সনদ পত্র ১ম শ্রেণীর সরকারী কর্মকর্তা দ্বারা (নামযুক্ত সীলসহ) সত্যায়িত হতে হবে এবং চুক্তি সম্পাদনকালে ফটোকপি সমূহের মূলকপি প্রদর্শন করতে হবে।

৮। খাদ্য বিভাগীয় অতীত দায়-দেনার (যদি থাকে) হলফনামার মুলকপি দাখিল করতে হবে।

৯। যে দরে চুক্তিপত্র সম্পাদিত হবে চুক্তিপত্র সম্পাদনের পর উক্ত দর বৃদ্ধির বা পরিবর্তন করার বিষয়ে কোন মামলা মোকদ্দমা দায়ের করবে না মর্মে দরপত্রের সাথে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্যাডে অঙ্গীকারনামা প্রদান করতে হবে। এ ছাড়া দর প্রস্তাব দলিলে সংযুক্ত ফরমেটে অঙ্গীকার করতে হবে।

১০। অতীতে খাদ্য বিভাগীয় ঠিকাদারী কাজে আত্নসাৎ ঘটনার সাথে জড়িত দেওয়ানী/ফৌজদারী/সালিশী মামলায় চূড়ান্তভাবে দোষী সাব্যস্ত হয়ে থাকলে এমন ঠিকাদার/প্রতিষ্ঠান দরপত্রে অংশগ্রহণ করতে পারবে না।

১১। সালিশী মামলা নিস্পত্তির অপেক্ষায়/মামলা নিস্পত্তির অপেক্ষায় আছে এমন ঠিকাদার দরপত্রে অংশগ্রহণ করতে পারবে। তবে সালিশ /মামলায় দোষী সাব্যস্ত হলে চুক্তি সম্পাদন করা হবে না/সম্পাদিত চুক্তি বাতিল করা হবে।

১২। প্রতিটি সেট দরপত্র সিডিউলের মূল্য ১০০০/- (এক হাজার) টাকা ট্রেজারী চালানের মাধ্যমে সোনালী ব্যাংক লিমিটেড, কর্পোরেট শাখা ও নিউমার্কেট শাখা, খুলনাতে ১/৪৮৩১/০০০১/২৩৬৬ নম্বর কোডে জমা দিতে হবে। টাকা জমা দেওয়ার পূর্বে ট্রেজারী চালান অত্র দপ্তরের হিসাব শাখা হতে অবশ্যই পাশ করে নিতে হবে এবং উক্ত জমার স্বপক্ষে ট্রেজারী চালানের মূলকপি অত্র দপ্তরে/আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, খুলনা দপ্তরে জমা দিয়ে দরপত্র সিডিউল ক্রয় করতে হবে। জমাকৃত চালানের ফটোকপি/অতিরিক্ত কপি ঠিকাদারের যোগ্যতা বিষয়ক প্রস্তাবের সাথে অবশ্যই দাখিল করতে হবে। নির্দিষ্ট সময়ের মধ্যে দরপত্র সিডিউল ক্রয় করতে হবে।

১৩। বর্ণিত বিষয়ে কেউ ভুল তথ্য প্রদান করলে দরপত্র বাতিল বলে গণ্য হবে। চাহিত তথ্য সঠিক না হলে এবং নিয়োগ পাওয়ার পরও ভুল তথ্য প্রদান সংক্রান্ত বিষয়টি কর্তৃপক্ষের গোচরীভূত হলে নিয়োগ বাতিলসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৪। দরপত্র দাতা দরপত্র তফসীলে বর্ণিত সকল তথ্যাবলী সুন্দরভাবে কালো কালিতে লিখে বা টাইপ করে পূরণ পূর্বক নির্দিষ্ট স্থানে সীলমোহরসহ দস্তখত করবেন। দরপত্র তফসীল ও দরপত্র বিজ্ঞপ্তির (ঠিকাদারের যোগ্যতা বিষয়ক নিয়মাবলী ও শর্তাবলী একত্রিত) প্রতি পাতায় স্বাক্ষরসহ সীল প্রদান করতে হবে।

১৫। দর প্রস্তাব নির্ধারিত দিন ও নির্ধারিত সময়ের মধ্যে দরপ্রস্তাব গ্রহণের বাক্সে ফেলতে হবে। তাছাড়া কুরিয়ার/রেজিষ্টার্ড ডাক যোগে প্রেরিত দরপ্রস্তাবও গ্রহণযোগ্য হবে। তবে, কুরিয়ার/রেজিষ্টার্ড ডাক যোগে প্রেরিত দরপ্রস্তাব নির্ধারিত তারিখ ও সময় সীমার মধ্যে পৌছানো নিশ্চিত করতে হবে। নির্ধারিত তারিখ ও সময়ের পর কোন দরপত্র গ্রহণযোগ্য হবেনা।

১৬। শর্তযুক্ত, কাটাছেড়া, ঘষামাজা, ফ্লুইডযুক্ত বা অসম্পুর্ন দরপত্র গৃহীত হবে না এবং প্রাইজ সিডিউল/দর তফসীল (আর্থিক প্রস্তাব) যথাযথভাবে পুরণকৃত না হলে দরপত্র বাতিল বলে গণ্য হবে। উদ্বৃত দরের মধ্যে প্রযোজ্য ট্যাক্স, ভ্যাট এবং ইন্সুরেন্স এর খরচ অন্তর্ভূক্ত হিসেবে গণ্য হবে।

১৭। এতদসংগে সংযুক্ত Instruction to tenderers (Section-1), Tender data sheet (Section-2), General Conditions of Contract (Section-3), Particular Conditions of Contract (Section-4), Tender and Contract Forms (Section-5) ও অন্যান্য কাগজপত্র দরপ্রস্তাব দলিলের অবিচ্ছেদ্য অংশ হিসেবে গণ্য হবে। প্রতি পাতায় স্বাক্ষর করে যোগ্যতা বিষয়ক প্রস্তাবের সাথে দাখিল করতে হবে।

## দরপত্র (Tender) দাখিলের নিয়মাবলী ও শর্তাবলী ( Special Condition of Contract) ঃ

১৮। ঠিকাদারের যোগ্যতাঃ

(ক) খাদ্যশস্য/সমপ্রকৃতির শ্রম (হ্যান্ডলিং) কাজে নুন্যতম ২ বছরের বাস্তব অভিজ্ঞতা সনদ খাদ্য বিভাগের ক্ষেত্রে পরিচালক, চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা/আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক/সাইলো সুপার/জেলা খাদ্য নিয়ন্ত্রক/চলাচল, সংরক্ষণ নিয়ন্ত্রক কর্তৃক এবং অন্যান্য সরকারি/আধাসরকারি স্বায়ত্বশাসিত সংস্থার ক্ষেত্রে সংশ্লিষ্ট আয়ন ও ব্যয়ন কর্মকর্তা কর্তৃক ইস্যুকৃত হতে হবে।

(খ) দুই সিএসডির ক্ষেত্রে যে কোন সিডিউল ব্যাংকের প্রথম পর্যায়ের কর্মকর্তা (এজিএম/সিনিয়র ভাইস প্রিন্সিপ্যাল/ভাইস প্রিন্সিপ্যাল এর নিম্নে নহে) কর্তৃক ২০২১-২২ সালের এক আর্থিক বৎসরে কমপক্ষে ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা লেনদেনের স্বপক্ষে হিসাব বিবরণী (Bank Statement) এবং এলএসডির ক্ষেত্রে ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকার হিসাব বিবরণী (Bank Statement) দাখিল করতে হবে।

(গ) দরপত্র দাতা আর্থিক ভাবে স্বচ্ছল মর্মে যে কোন সিডিউল ব্যাংক হতে আর্থিক স্বচ্ছলতার সনদ দাখিল করতে হবে। ০২(দুই) সিএসডির ক্ষেত্রে দরপত্রদাতাকে নূন্যতম ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা এবং ০৮(আট) টি এলএসডির ক্ষেত্রে নূন্যতম ১০,০০, ০০০/- (দশ লক্ষ) টাকা আছে মর্মে নিজস্ব লেটার প্যাডে ঘোষনা দিতে হবে(প্রমাণক সংযুক্ত করতে হবে)।

১৯। দরপত্র দাখিলের নিয়মাবলী ঃ

(ক) দুই খাম পদ্ধতিতে দরপত্র দাখিল করতে হবে। ঠিকাদারের যোগ্যতা বিষয়ক প্রস্তাব এবং আর্থিক প্রস্তাব ২টি ভিন্ন খামে দাখিল করতে হবে। যোগ্যতা বিষয়ক প্রস্তাবের খামের উপরিভাগের মধ্যখানে " ২০২২-২০২৩ অর্থ বছরের অবশিষ্ট সময় ও ২০২৩-২০২৪ অর্থ বছরের জন্য...................................সিএসডি/এলএসডির জন্য যোগ্যতা বিষয়ক প্রস্তাব " এবং আর্থিক প্রস্তাব খামে ২০২২-২০২৩ অর্থ বছরের অবশিষ্ট সময় ও ২০২৩-২০২৪ অর্থ বছরের জন্য ..................................................... সিএসডি/এলএসডির জন্য আর্থিক প্রস্তাব" লিখে দাখিল করতে হবে। উভয় খামের ডান দিকে জেলা খাদ্য নিয়ন্ত্রক, খুলনা এবং বাম দিকে প্রতিষ্ঠানের নাম ঠিকানা লিখতে হবে। ২টি খাম একত্র করে বড় একটি খামে দাখিল করতে হবে এবং অনুরূপভাবে বড় খামের ডানদিকে জেলা খাদ্য নিয়ন্ত্রক, খুলনা এবং বাম দিকে প্রতিষ্ঠানের নাম ঠিকানা লিখতে হবে। বড় খামের উপরিভাগে " ২০২২-২০২৩ অর্থ বছরের অবশিষ্ট সময় ও ২০২৩-২০২৪ অর্থ বছরের জন্য......................... সিএসডি/এলএসডির জন্য শ্রম ও হস্তার্পণ ঠিকাদারী কাজের দরপত্র প্রস্তাব" লিখতে হবে।

(খ) যোগ্যতা প্রস্তাব বিষয়ক খামে যোগ্যতা প্রস্তাব বিষয়ক "ক" ফরম পূরণ ও স্বাক্ষর পূর্বক সংশ্লিষ্ট দলিলাদি সংযুক্ত করতে হবে। যোগ্যতা প্রস্তাব খামে টেন্ডার সিকিউরিটি বা বায়নার টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট পাওয়া না গেলে দরদাতার আর্থিক প্রস্তাব খোলা হবে না।

(গ) আর্থিক প্রস্তাব বিষয়ক খামে"খ" ফরম শুধুমাত্র দরদাতার উদ্ধৃত দর উল্লেখ করতে হবে। আর্থিক প্রস্তাব খামে কোন পে-অর্ডার/ব্যাংক ড্রাফট গ্রহণযোগ্য হবে না।

(ঘ) আর্থিক প্রস্তাব ফরমে বর্ণিত কার্য-তফসিলের প্রতিটি আইটেমের ডান দিকে ২০২২-২০২৩ ও ২০২৩-২০২৪ অর্থ বছরের প্রাক্কলিক কাজের পরিমাণ উল্লেখ করা হয়েছে(সরকারী প্রয়োজনে উক্ত পরিমাণ কম বেশী হতে পারে)। দরদাতাকে প্রতি আইটেমে একক দর অংকে ও কথায়, মোট মূল্য (প্রাক্কলিত কাজের পরিমাণ × দরদাতা কর্তৃক প্রদত্ত প্রতি এককের মূল্য = মোট মূল্য) এবং সর্বমোট মূল্য (প্রতি আইটেমের মোট মূল্যের যোগফল) শুধু মাত্র নির্ধারিত কলামে/স্থানে স্পষ্টভাবে লিখে দরপত্র দাখিল করতে হবে। প্রকাশ থাকে যে, সিডিউলে বর্ণিত ডিও হোল্ডারগণকে মালামাল ডেলিভারী দেয়া বিষয়ক আইটেমে প্রদত্ত দর সর্বনিম্ন দরদাতা নির্ণয়ের ক্ষেত্রে বিবেচনা করা হবে না। তবে দরদাতাকে অবশ্যই উক্ত আইটেমে বর্তমান বাজার দরের সাথে সংগতিপূর্ণ দর উল্লেখ করতে হবে। কর্তৃপক্ষের নিকট দর অসংগতিপূর্ণ সাব্যস্ত হলে দরপত্র বাতিল বলে গণ্য হবে। দশমিকের পরে দুই অংকের বেশী ব্যবহার করা যাবে না। সর্বমোট মূল্যের ভিত্তিতে সর্বনিম্ন দর মূল্যায়ন বা সাব্যস্ত করা হবে। একক দর ও মোট দরের মধ্যে গরমিল হলে এককদর গৃহীত হবে এবং তদানুযায়ী মোট দর সংশোধিত হবে।

২০। টেন্ডার সিকিউরিটিঃ-

(ক) দরপত্রের সাথে বাংলাদেশের যে কোন তফসীলভুক্ত (সিডিউল) ব্যাংক হতে টেন্ডার সিকিউরিটি (বায়নার টাকা) বাবদ সিএসডির জন্য ৫,০০,০০০/- (পাচ লক্ষ) টাকা এবং এলএসডির জন্য ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (ফেরত যোগ্য) জেলা খাদ্য নিয়ন্ত্রক, খুলনা এর অনুকূলে জমা দিতে হবে। টেন্ডার সিকিউরিটি বাবদ পে-অর্ডার/ব্যাংক ড্রাফট ঠিকাদারের যোগ্যতা বিষয়ক প্রস্তাবের সাথে দাখিল করতে হবে। কোন এসডিআর/সিডিআর/ব্যাংক গ্যারান্টি গ্রহণযোগ্য হবে না।

(খ) অকৃতকার্য দরপত্র দাতার টেন্ডার সিকিউরিটি (বায়নার টাকা) সিদ্ধান্ত গ্রহণ শেষে ফেরৎ দেয়া হবে। কৃতকার্য দরদাতার বায়নার টাকা ঠিকাদারের সাথে চুক্তি সম্পাদনের পর ফেরৎ দেয়া হবে। যথাসময়ে চুক্তি সম্পাদন করে কার্যভার গ্রহন না করলে টেন্ডার সিকিউরিটির টাকা বাজেয়াপ্ত করা হবে। টেন্ডার সিকিউরিটির টাকা ছাড়া কোন দরপত্র গ্রহণযোগ্য হবে না।

২১। আর্থিক প্রস্তাব বিষয়ক "খ" ফরম পূরণের নিয়ম ঃ

ক) আর্থিক প্রস্তাব বলতে শুধুমাত্র দরপত্র সিডিউল "খ" ফরম বুঝাবে।

খ) আর্থিক প্রস্তাবের সাথে টেন্ডার সিকিউরিটি, ব্যাংক ড্রাফট, পে-অর্ডার জমা দেয়া যাবেনা।

গ) দরপত্র সিডিউলে উল্লেখিত সকল আইটেমের জন্য পৃথক পৃথকভাবে দর উল্লেখ করতে হবে। কোন প্রকার শর্তযুক্ত, কাটাকাটি, ঘষামাজা বা অস্পষ্ট দর গ্রহণযোগ্য হবে না।

২২। অত্র দরপত্র বিজ্ঞপ্তির কোন শর্তাবলী/যোগ্যতা প্রস্তাব ("ক" ফরম)/আর্থিক প্রস্তাব ("খ" ফরম) ইত্যাদি বিষয়ে সহায়ক তথ্য বা স্পষ্টীকরনের প্রয়োজন হলে দরপত্র দাতাগণ সিডিউল বিক্রয়ের তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, খুলনা এর সাথে যোগাযোগ করতে পারবেন।

২৩। ঠিকাদার নির্বাচন পদ্ধতিঃ

(ক) দরদাতার যোগ্যতা বিষয়ক প্রস্তাব (অর্থাৎ "ক" ফরম) সঠিক পাওয়া গেলে তার আর্থিক প্রস্তাব ("খ ফরম") খোলা হবে এবং নিম্নদরদাতার দর মূল্যায়ন কমিটি কর্তৃক সুপারিশ ও **Head** of the Procuring Entity (HOPE) কর্তৃক অনুমোদনের পর চুড়ান্ত বলে গণ্য হবে। সর্বনিম্ন দরদাতার সংখ্যা একাধিক হলে পাবলিক প্রকিউরমেন্ট আইন অনুযায়ী দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক প্রতি কেন্দ্রের জন্য ১জন করে ঠিকাদার নিয়োগের সুপারিশ করা হবে।

(খ) প্রতি এলএসডির জন্য সর্বনিম্ন দরে একজন করে ঠিকাদার নির্বাচন করা হবে। তবে অযৌক্তিক নিম্ন দর প্রদানকারী দরপত্র দাতার ক্ষেত্রে/ নির্বাচিত দরদাতা চুক্তি সম্পাদন না করলে/ দরপত্রে কোন ভুল তথ্য প্রদান করেছেন এরুপ তথ্য উৎঘাটিত হলে পিপিআর অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

২৪। পারফরমেন্স সিকিউরিটিঃ-

(ক) Letter of intent দেয়ার ৭ (সাত) দিনের মধ্যে লিখিত সম্মতি প্রদান করতে হবে। ১০ দিনের মধ্যে পারফরমেন্স সিকিউরিটি বাবদ সংশ্লিষ্ট এলএসডির বিগত ৩(তিন) বছরের হস্তার্পণ কাজের পরিশোধিত বিলের গড় হিসেবে ১৫% টাকা তবে ১০০০০/- (দশ হাজার) টাকার নিম্নে নহে জামানত হিসাবে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সহ যথাযথ কাগজ পত্র জমা দিয়ে ২৮ (আটাশ) দিনের মধ্যে চুক্তি সম্পাদন করতে হবে।

২৫। চুক্তি সম্পাদনঃ-

(ক) সর্বনিম্ন দরদাতাকে তার দেয় এলএসডির জন্য শ্রম ও হস্তার্পণ ঠিকাদার হিসাবে নির্বাচন করা হবে।

(খ) দরপত্রে প্রাপ্ত সর্বনিম্ন/সাব্যস্ত দরদাতার দর বৈধ বিবেচিত হলে ও অনুমোদিত হলে Letter of intent প্রদান করা হবে এবং দরপত্রে সকল শর্তাদি পূরণ শেষে ২৮ (আটাশ) দিনের মধ্যে চুক্তি সম্পাদন করতে হবে।

২৬। চুক্তি সংশোধনঃ

সরকার কর্তৃক সময়ে সময়ে খাদ্য দ্রব্য অথবা যে কোন পণ্য শ্রম (হ্যান্ডলিং) সংক্রান্ত বা এতদসংক্রান্ত যে কোন বিষয়ে জারীকৃত বিজ্ঞপ্তি/স্মারক/আদেশ/পরিপত্রসহ দরপত্র তফসিল, শর্তাবলী ও নিয়মাবলী চুক্তিপত্রের অংশ হিসেবে পরিগণিত হবে।

২৭। গোপনীয় প্রতিবেদনঃ

নির্বাচিত ঠিকাদারগণের ক্ষেত্রে পুলিশি ও খাদ্য বিভাগীয় হাল নাগাদ সন্তোষজনক গোপনীয় প্রতিবেদন প্রাপ্তির পর চুক্তি সম্পাদন করা হবে। তবে জরুরী প্রয়োজনে পুলিশি ও খাদ্য বিভাগীয় হাল নাগাদ সন্তোষজনক প্রতিবেদন প্রাপ্তি ব্যতীত চুক্তি সম্পাদন করা যেতে পারে। পরবর্তীতে গোপনীয় প্রতিবেদন সন্তোষজনক পাওয়া না গেলে সম্পাদিত চুক্তিপত্র বাতিল বলে গণ্য হবে।

২৮। ক্ষমতা সংরক্ষণঃ

কোন কারন দর্শানো ছাড়াই যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল অথবা সমুদয় দরপত্র বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে। সর্বনিম্ন দর গ্রহণে কর্তৃপক্ষ বাধ্য নয়। কর্তৃপক্ষের গৃহীত সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

২৯। অভিযোগ ও আপীলঃ

দরপত্র সম্পর্কিত অভিযোগ ও আপীল নিষ্পত্তির ক্ষেত্রে পিপিআর মোতাবেক যথাযথ কর্তৃপক্ষ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

(মোহাম্মদ বাবুল হোসেন)
জেলা খাদ্য নিয়ন্ত্রক
খুলনা ও সভাপতি
জেলা দরপত্র মূল্যায়ন কমিটি (খাদ্য), খুলনা।
ফোন নং- ০২-৪৭৭৭২৮০৮৪

স্মারক নং-১৩.০১.৪১০০.০০২.৪৯.০১৬.২২-৩১২৩(২৫০)

তারিখ ঃ ২৫/০৭/২০২২ খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে।

১। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
২। অতিরিক্ত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
৩। পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
৪। পরিচালক, চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
৫। জেলা প্রশাসক, খুলনা।
৬। অতিরিক্ত পরিচালক, এম, আই, এস, এন্ড এম বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
৭। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী বিভাগ/রংপুর/ঢাকা/চট্টগ্রাম/খুলনা/বরিশাল/সিলেট।
৮। সাইলো অধীক্ষক, সান্তাহার সাইলো, সান্তাহার বগুড়া/নারায়নগঞ্জ/চট্টগ্রাম/আশুগঞ্জ।
৯। পুলিশ সুপার, খুলনা।
১০। নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, খুলনা।
১১। উপ- পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খুলনা
১২। চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, চট্টগ্রাম/খুলনা।
১৩। জেলা খাদ্য নিয়ন্ত্রক, (সকল)---------------------------------------------।
১৪। ম্যানেজার, সান্তাহার/দিনাজপুর/মুলাডুলি/তেজগাঁও সিএসডি।
১৫। এস এন্ড এম ও জয়পুরহাট/সিরাজগঞ্জ/ঈশ্বরদী এলএসডি।
১৬। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, (সকল)--------------------------------------------------------- খুলনা।
১৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা, (সকল)------------------------------------------- খুলনা।
১৮। সভাপতি, চেম্বার অব কমার্স এন্ড ইন্ড্রাষ্ট্রিজ, খুলনা
১৯। নোটিশ বোর্ড, অত্র দপ্তর।
২০। সংরক্ষণ নথি।
২১। জনাব------------------------------------------------------

২৫/০৭/২০২২

(মোহাম্মদ বাবুল হোসেন)
জেলা খাদ্য নিয়ন্ত্রক
খুলনা ও সভাপতি
জেলা দরপত্র মূল্যায়ন কমিটি (খাদ্য), খুলনা।

২৭/৭/২২